

আজ ১২ কার্তিক ১৪২৫ বঙ্গাব্দ শনিবার, ২৭ অক্টোবর ২০১৮

ক্যাম্পাস টাইমস

শিরোনাম » লয়ে শিক্ষক নিয়োগে পরীক্ষা, ভাইভা, ডেমো ক্লাস নেয়া হবে

প্রচ্ছদ বাংলাদেশ ছাত্র-রাজনীতি ক্যাম্পাস কলেজ স্কুল ক্লাবশিপি খেলা শিক্ষা বিশ্ব বিনোদন চাকরি বিজ্ঞান ও প্রযুক্তি English

🏠 / বিদেশের ক্যাম্পাস / এশিয়ার সেরা ৫০০ বিশ্ববিদ্যালয়ের মাত্র ছয়টি বাংলাদেশে

5.5K
SHARES



এশিয়ার সেরা ৫০০ বিশ্ববিদ্যালয়ের মাত্র ছয়টি বাংলাদেশে

টাইমস অনলাইনঃ

© Published: 2018-10-24 23:32:27 BdST | Updated: 2018-10-27 13:57:11 BdST



বিশ্বের সেরা বিশ্ববিদ্যালয়ের র‍্যাংকিং করে ব্রিটিশ কোম্পানি কিউএস। সম্প্রতি তারা ২০১৯ সালের এশিয়ার সেরা ৫০০ বিশ্ববিদ্যালয়ের তালিকা প্রকাশ করেছে। এ তালিকায় বাংলাদেশের মাত্র ৬টি বিশ্ববিদ্যালয় স্থান পেয়েছে। তালিকায় সেরা ১০০ তে বাংলাদেশের একটি বিশ্ববিদ্যালয়ও জায়গা করে নিতে পারেনি।

তালিকার ১২৭ নম্বরে আছে ঢাকা বিশ্ববিদ্যালয়, ১৭৫ নম্বরে বাংলাদেশ প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়। ৩০১ থেকে ৩৫০ এর মধ্যে আছে ব্রাক ইউনিভার্সিটি, নর্থ সাউথ ইউনিভার্সিটি, ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি এবং ৪৫১ থেকে ৫০০ এর মধ্যে আছে ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি।

এ তালিকায় ১১১ টি বিশ্ববিদ্যালয়ই চীনে। সেরা ১০ এ থাকা বিশ্ববিদ্যালয়গুলো হল ন্যাশনাল ইউনিভার্সিটি অব সিঙ্গাপুর, ইউনিভার্সিটি অব হংকং, নানিয়াং টেকনোলজিকাল ইউনিভার্সিটি, সিঙ্গাপুর, চীনের সিনহুয়া ইউনিভার্সিটি, পেকিং ইউনিভার্সিটি, ফুদান ইউনিভার্সিটি, হংকং ইউনিভার্সিটি অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি, কোরিয়ান অ্যাডভান্স ইন্সটিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজি, চাইনিজ ইউনিভার্সিটি অব হংকং ও সিউল ন্যাশনাল ইউনিভার্সিটি।

সকল প্রকাশিত/প্রচারিত কোনো সংবাদ, তথ্য, ছবি, আলোকচিত্র, রেখাচিত্র, ভিডিওচিত্র, অডিও কনটেন্ট কপিরাইট আইনে পূর্বানুমতি ছাড়া ব্যবহার করা যাবে না।

1 Comment

Sort by Oldest